

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
শের-ই-বাংলা নগর, ঢাকা।

প্রেস বিজ্ঞপ্তি

আজ রবিবার, ০৫ নভেম্বর ২০১৭ তারিখে “Investment Promotion & Financing Facility II Project (IPFF-II)” শীর্ষক প্রকল্পে ৩৫৬.৭০ মিলিয়ন মার্কিন ডলারের অর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে বাংলাদেশ সরকার এবং বিশ্বব্যাংক গ্রুপের অঙ্গ প্রতিষ্ঠান আইডিএ-এর মধ্যে একটি ঋণচুক্তি অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সম্মেলন কক্ষে স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব জনাব কাজী শফিকুল আযম এবং বিশ্বব্যাংকের পক্ষে Country Director, Mr. Qimiao Fan ঋণচুক্তিতে স্বাক্ষর করেন। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থা এবং বিশ্বব্যাংকের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

আলোচ্য প্রকল্পটি অর্থ বিভাগের তত্ত্বাবধানে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বাস্তবায়িত হবে। প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ৪১৬.৭ মিলিয়ন মার্কিন ডলার। তন্মধ্যে, বিশ্বব্যাংক Scale-up Facility (SUF) এর তহবিল থেকে ১০০ মিলিয়ন মার্কিন ডলার এবং আইডিএ নমনীয় ঋণ থেকে ২৫৬.৭ মিলিয়ন মার্কিন ডলার অর্থায়ন করবে। অবশিষ্ট ৬০ মিলিয়ন মার্কিন ডলার বাংলাদেশে সরকার কাউন্টার পার্ট ফান্ড হিসেবে প্রদান করবে। প্রকল্পটি ৫ বছর (জুলাই ২০১৭ হতে জুন ২০২২) মেয়াদে বাস্তবায়ন করা হবে। প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো বাংলাদেশের অবকাঠামো খাতের উন্নয়ন এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহের সক্ষমতা বৃদ্ধি। এ প্রেক্ষিতে বেসরকারি খাতের উদ্যোক্তাদের দ্বারা অবকাঠামো উন্নয়ন করার জন্য বাণিজ্যিক ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে নির্ধারিত সাব-প্রকল্পে অর্থায়ন করা হবে। আলোচ্য প্রকল্পের আওতায় অর্থায়ন যোগ্য খাত হলো-বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ, বন্দর নির্মাণ ও উন্নয়ন, শিল্প বর্জ্য ব্যবস্থাপনা, সড়ক-মহাসড়ক, ব্রীজ, ফ্লাইওভার ও এক্সপ্রেসওয়ে নির্মাণ, পানি সরবরাহ, শিল্প পার্ক উন্নয়ন, স্বাস্থ্য ও শিক্ষাসহ অন্যান্য সামাজিক খাত ও তথ্য প্রযুক্তি। পাশাপাশি, পাবলিক প্রাইভেট পার্টনারশীপ অথরিটি (পিপিপিএ) এবং বাংলাদেশ ইনফ্রাস্ট্রাকচার ফাইন্যান্সিং ফান্ড লিমিটেড (বিআইএফএফএল) এর সক্ষমতা বৃদ্ধির জন্য কারিগরি সহায়তা প্রদান করা হবে এবং প্রকল্প সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থার কর্মকর্তাদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হবে।

আইডিএ ঋণের অর্থ ৬ (ছয়) বছরের গ্রেস পিরিয়ডসহ ৩৮ বছরে পরিশোধ করতে হবে এবং ঋণের উত্তোলিত অর্থের ওপর বার্ষিক ০.৭৫% হারে সার্ভিস চার্জ প্রদান করতে হবে। অন্যদিকে SUF ঋণের অর্থ ৯ বছরের গ্রেস পিরিয়ডসহ ৩০ বছরে পরিশোধ করতে হবে। এ ঋণের সুদের হার বার্ষিক ২.৮৫%। পাশাপাশি front-end fee হিসেবে মোট প্রতিশ্রুত ঋণের ০.২৫% এবং অনুত্তোলিত ঋণের উপর বার্ষিক ০.২৫% হারে কমিটমেন্ট ফি দিতে হবে।

উল্লেখ্য, ইতোপূর্বে জানুয়ারি ২০০৭-ডিসেম্বর ২০১৬ মেয়াদে ২৮৫০.৯০ কোটি টাকা ব্যয়ে IPFF-I প্রকল্প বাস্তবায়ন করা হয়। উক্ত প্রকল্পটিতে বিশ্বব্যাংক ও বাংলাদেশে সরকারের সহঅর্থায়নে বিদ্যুৎ, বন্দর, পানি শোধন, আইটি ও স্বাস্থ্য খাতের ২১ টি সাব-প্রজেক্টের বিপরীতে মোট ২৪৪১.৪৯ কোটি টাকা দীর্ঘমেয়াদি ঋণ প্রদান করা হয়। উক্ত প্রকল্পের সফলতার প্রেক্ষিতে IPFF-II প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পটি বাংলাদেশের অবকাঠামো উন্নয়ন খাতে অর্থায়ন ঘাটতি মোকাবিলায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা করা যায়।

(ফয়সল জহর)

সহকারী প্রধান